রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**শনিবার, জুন ৮, ২০২৪**

**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**নির্বাচন কমিশন সচিবালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২১ জ্যৈষ্ঠ, ১৪৩১ বঙ্গাব্দ/০৪ জুন, ২০২৪ খ্রিষ্টাব্দ

**নং ১৭.০০.০০০০.০৪৫.৪০.০৬.২২-২০০।**—বাংলাদেশ নির্বাচন কমিশন 'উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা ২০১৩' এর বিধি ৮৪ক-তে প্রদত্ত ক্ষমতাবলে আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ২১ মে ২০২৪ তারিখে-১০.০০.০০০০.১২৫. ৯৯.০০১.১৯.৩৫৯ নং স্মারকমূলে জারীকৃত পত্রের পরিপ্রেক্ষিতে উক্ত বিধিমালার বিধি ৭২, বিধি ৭৪, বিধি ৭৫, বিধি ৭৬, বিধি ৭৭(১) এবং বিধি ৭৮ এর অধীন নির্বাচনি অপরাধসমূহ The Code of Criminal Procedure, 1898 (Act No. V of 1898) এর section 190 এর sub-section (1) এর অধীন আমলে নেওয়া ও তা সংক্ষিপ্ত পদ্ধতিতে বিচার সম্পন্নের নিমিত্ত ৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচনে ঘূর্ণিঝড় রেমাল এর কারণে স্থগিতকৃত ১০টি জেলার ২০টি উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান এবং মহিলা ভাইস চেয়ারম্যান পদে নির্বাচন উপলক্ষ্যে ভোটগ্রহণের পূর্বের দুইদিন, ভোটগ্রহণের দিন ও ভোটগ্রহণের পরের দুইদিন অর্থাৎ ০৭ জুন ২০২৪ তারিখ হতে ১১ জুন ২০২৪ তারিখ পর্যন্ত মোট ০৫ (পাঁচ) দিনের জন্য ২০ (বিশ) জন জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটকে প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট হিসেবে নিয়োগ প্রদান করল :

**"তফসিল"**

| ক্রম | জেলার নাম | উপজেলার নাম | বিচারকগণের নাম, পদবি ও কর্মস্থল |
|---|---|---|---|
| ১ | ১ নেত্রকোনা | ১ খালিয়াজুড়ী | জনাব সাইমুন আল ইসলাম<br>সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, নেত্রকোণা |
| ২ | ২ বাগেরহাট | ২ শরণখোলা | জনাব মোঃ বিলাল হোসাইন<br>সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, বাগেরহাট |
| ৩ | | ৩ মোড়েলগঞ্জ | জনাব মোঃ আসাদুর জামান<br>সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, বাগেরহাট |

| ক্রম | জেলার নাম | উপজেলার নাম | বিচারকগণের নাম, পদবি ও কর্মস্থল |
|---|---|---|---|
| ৪ | ২ বাগেরহাট | ৪ মোংলা | জনাব মোঃ আতিকুস সামাদ<br>অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, বাগেরহাট |
| ৫ | ৩ খুলনা | ৫ কয়রা | জনাব মোঃ আজহারুল ইসলাম জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, কয়রা, খুলনা |
| ৬ | | ৬ পাইকগাছা | জনাব মোঃ আনোয়ারুল ইসলাম<br>সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, পাইকগাছা, খুলনা |
| ৭ | | ৭ ডুমুরিয়া | জনাব সুমাইয়া কাওছার<br>মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, খুলনা |
| ৮ | ৪ বরিশাল | ৮ গৌরনদী | জনাব মোঃ মোখলেছুর রহমান<br>জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, বরিশাল |
| ৯ | | ৯ আগৈলঝাড়া | জনাব শারমিন সুলতানা সুমি<br>সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, বরিশাল |
| ১০ | ৫ পটুয়াখালী | ১০ পটুয়াখালী সদর | জনাব তামান্না<br>সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, পটুয়াখালী |
| ১১ | | ১১ মির্জাগঞ্জ | জনাব স্বপন কুমার দাস<br>সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, মির্জাগঞ্জ, পটুয়াখালী |
| ১২ | | ১২ দুমকী | জনাব মোহাম্মদ আশিকুর রহমান<br>সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, পটুয়াখালী |
| ১৩ | ৬ পিরোজপুর | ১৩ মঠবাড়ীয়া | জনাব মোহাম্মদ আতিকুজ্জামান<br>জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, মঠবাড়ীয়া, পিরোজপুর |
| ১৪ | ৭ ভোলা | ১৪ তজুমদ্দিন | জনাব মোঃ সাইফুল ইসলাম<br>সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ভোলা |
| ১৫ | | ১৫ লালমোহন | জনাব অসীম কুমার দে<br>অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ভোলা |
| ১৬ | ৮ ঝালকাঠি | ১৬ রাজাপুর | জনাব মোঃ মনিরুজ্জামান<br>সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ঝালকাঠি |
| ১৭ | | ১৭ কাঠালিয়া | জনাব মাহবুবা শারমিন<br>সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ঝালকাঠি |

| ক্রম | জেলার নাম | উপজেলার নাম | বিচারকগণের নাম, পদবি ও কর্মস্থল |
|---|---|---|---|
| ১৮ | ৯ বরগুনা | ১৮ বামনা | জনাব মোঃ রাকিবুল হাসান<br>সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, বরগুনা |
| ১৯ | | ১৯ পাথরঘাটা | জনাব শান্তনু কুমার মন্ডল<br>সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,<br>পাথরঘাটা, বরগুনা |
| ২০ | ১০. রাঙ্গামাটি পার্বত্য জেলা | ২০ বাঘাইছড়ি | জনাব মোঃ জামসেদ আলম<br>সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, রাঙ্গামাটি |

২। উল্লিখিত ম্যাজিস্ট্রেটগণ দায়িত্বপ্রাপ্ত নির্বাচনি এলাকায় এই নিয়োগপত্রের বিপরীতে সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতঃ সংশ্লিষ্ট সকল-কে অবগত করবেন।

৩। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণ কর্তৃক দায়িত্ব পালনকালে কোনো নির্বাচনি অপরাধ বিচারার্থে আমলে নেওয়া হলে তৎমর্মে প্রতিবেদন নির্বাচন কমিশন সচিবালয়ের উপসচিব (আইন) এর E-mail address: ds la @ecs.gov.bd এ নিম্নোক্ত ছকে প্রেরণ করবেন :

**"ছক"**

জেলার নাম :................................... উপজেলার নাম....................................

| ক্রম | জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের নাম, পদবি ও মোবাইল নম্বর | অভিযোগকারীর নাম ও ঠিকানা | যার বিরুদ্ধে অভিযোগ আনয়ন করা হয়েছে তার নাম ও ঠিকানা | অভিযোগের তারিখ ও সংক্ষিপ্ত বিবরণ | অভিযোগের বিষয়ে গৃহীত ব্যবস্থার বিবরণ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |

৪। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণকে নির্বাচনি দায়িত্ব পালনের নিমিত্ত অবমুক্ত করার জন্য সংশ্লিষ্ট চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট/চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটকে অনুরোধ করা হল।

৫। উক্ত ম্যাজিস্ট্রেটগণ দায়িত্ব পালনকালে ০১ (এক) জন বেঞ্চ সহকারী/স্টেনোগ্রাফার/অফিস সহকারীকে সহকারী হিসেবে সঙ্গে নিতে পারবেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাঁদের নিজ নিজ অফিস প্রধানকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৬। বর্ণিত ম্যাজিস্ট্রেটগণকে সংশ্লিষ্ট এলাকায় দায়িত্ব পালনকালে প্রয়োজনীয় যানবাহন সরবরাহ করার জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসককে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৭। উপরিউক্ত ম্যাজিস্ট্রেটগণকে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় আদালত পরিচালনার নিমিত্ত ০২ (দুই) জন সশস্ত্র পুলিশ নিয়োগ করার জন্য সংশ্লিষ্ট পুলিশ সুপার-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৮। বর্ণিত ম্যাজিস্ট্রেটগণ ও সংশ্লিষ্ট বেঞ্চ সহকারী/স্টেনোগ্রাফার/অফিস সহকারী বিধি মোতাবেক যাতায়াত ভাতা/দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রাপ্ত হবেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে
**মোঃ আব্দুছ সালাম**
উপসচিব (আইন)।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব) বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd